# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barishalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/উমা/১৩৬১ তারিখ: ১৬ নভেম্বর ২০২৫।

সূত্রঃ বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ১১.১১.২০২৫ তারিখের আশিবো/প্রশা:/২০১০/১৭৪ নং স্মারক পত্র।

**বিষয়: এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক ১ (এক) জন শিক্ষকের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরি ও দক্ষতা অর্জনের লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ডের মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ভিত্তিক কর্মরত শিক্ষকবৃন্দের নামের তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে/ই-মেইলে bisebcontroller@gmail.com এ আগামী ১৯/১১/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়ের নাম:** ১. বাংলা প্রথম পত্র, ২. পদার্থবিজ্ঞান, ৩. রসায়ন, ৪. জীববিজ্ঞান, ৫. ইতিহাস, ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ৭. পৌরনীতি ও সুশাসন, ৮. সমাজবিজ্ঞান, ৯. সমাজকল্যান, ১০. ব্যবসায় সংগঠন, ১১. হিসাববিজ্ঞান, ১২. ১২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ১৩. উচ্চতর গণিত, ৪. পরিসংখ্যান, ১৫. কৃষি শিক্ষা, ১৬. গার্হস্থ্য বিজ্ঞান, ১৭. ভূগোল,
১৮. মনোবিজ্ঞান, ১৯. অর্থনীতি, ২০. যুক্তিবিদ্যা, ২১. ইসলাম শিক্ষা, ২২. ফিনান্স, ব্যাংকিং ও বিমা এবং ২৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন।

**প্রশিক্ষণে মনোনয়নের জন্য নিচের মানদণ্ডসমূহ বিবেচনা করতে হবে:**

ক.এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ (অগ্রাধিকার পাবে);

খ. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;

গ. কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা;

ঘ. কমপক্ষে ১০ (দশ) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে এবং

**ঙ. ইতোপূর্বে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর ১২ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোনয়ন প্রদান করা যাবে না।**

উপরোক্ত শর্তপূরণ সাপেক্ষে নিম্নলিখিত ছক অনুসরণ করে তালিকা প্রেরণ করুন।

| ক্রমিক | নাম, পদবি ও মোবাইল নম্বর | একাডেমিক ফলাফল | বিষয় (পত্র কোডসহ) | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

১৬.১১.২৫
প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোনঃ ০২৪৭৮৮৩৪৩৭০
ইমেইল: bisebcontroller@gmail.com

অধ্যক্ষ
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন
সকল কলেজ/উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
২. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
৪. অফিস নথি।